স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৬ ও জুন, ২০১৭

বাংলা (Bengali)

সহায়ক পাঠক্রম – ৩ (Subsidiary – 3)

তৃতীয় পত্র [SBG-III : Upanyas-Chhoto Golpo-Probondho-Natak] (P-III)

সময় ঃ তিন ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) 'এইবার মরেছে মেজোবউ' — 'মেজোবউ'-এর মৃত্যু কীভাবে 'মৃণাল'-এর সঞ্জীবনী হয়ে উঠেছিল ?

(খ) 'চড়ক' অবলম্বনে হুতোমী গদ্যশৈলীর পরিচয় দিন।

(গ) 'সুন্দরম্' গল্পের সৌন্দর্য বিশ্লেষণ করুন।

(ঘ) চরিত্রগুলির সংক্ষিপ্ত পরিচয় দিন — বরকত, যদু, বিন্দু, শ্যামাসুন্দরী।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) 'তারিনী মাঝি' গল্পে 'তারিণী' ও 'সুখী' নামদুটি কীভাবে ব্যঞ্জনাগর্ভ হয়ে উঠেছে ?

(খ) 'আর কত বলবো ? বাঙালীর কি চেতনা হবে ?' — উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করুন।

(গ) 'প্যারিসের লোক তখন যে অট্টহাস্য ছেড়েছিল, সেটা আমি ভূমধ্যসাগরের মধ্যিখানে জাহাজে বসে শুনতে পেয়েছিলাম ...'। প্যারিসের লোকের অট্টহাস্য-র কারণটি সংক্ষেপে আলোচনা করুন।

(ঘ) 'নবান্ন' নাটকের অন্তিমে দয়ালের কণ্ঠে 'জোর প্রতিরোধ'-এর ত্রিরাবৃত্তি শোনা যায়। এর প্রাসঙ্গিকতা বিষয়ে আপনার মত লিখুন।

(ঙ) বস্তুর 'আকর্ষণ' ও 'চাপ'-এর নিয়মগুলি রামেন্দ্রসুন্দরের প্রবন্ধ অবলম্বনে আলোচনা করুন।

(চ) 'এক আরব পণ্ডিতের লেখাতে সমস্যাটার সমাধান পেলুম' — সমস্যাটা কী ছিল ? কীভাবেই-বা পাওয়া গিয়েছিল তার সমাধান ?

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ১০০ শব্দে) ঃ

৬ × ৪ = ২৪

(ক) 'ভারতবর্ষের বর্তমান শাসনপ্রণালীতে কতকগুলি ... প্রবল গুণও আছে।' — গুণগুলির পরিচয় দিন।

(খ) 'জামার ইতিহাস নিম্নলিখিত রূপ' — ইতিহাসটি বিবৃত করুন।

(গ) 'তাই এই অচ্ছেদ্য চক্র' — 'চক্র'টিকে কেন 'অচ্ছেদ্য' বলা হয়েছে ?

(ঘ) 'তা বলে — যেটা অন্যায় তাকে প্রশ্রয় দিতে হবে ?' — বক্তা কে ? তাঁর এই উক্তির কারণ কী ?

(ঙ) 'কথাটার মধ্যে যেন একটু বেদনার আভাস ছিল।' — কোন্ কথা ? 'যেন একটু বেদনার আভাস' এখানে কীভাবে ব্যঞ্জিত হয়ে উঠেছে ?

(চ) ''সুখী বলিল, 'আর তুমি, তোমার শরীর বুঝি পাথরের ?' — '' কে, কেন একথা বলেছিল ?

(ছ) 'ইহাদের ভাব দেখিয়া মনে হইতেছিল ইহারা কাহারো ঘরে সিঁধ দিবার উস্কেশ্যে চলিয়াছে।' — প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করুন।

(জ) 'কিন্তু রূপগত বৈষম্য প্রকৃত বৈষম্য নহে' — 'গীতিকাব্য' প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের এই মন্তব্যের কারণ কী ?